দৈনিক বাংলা

তারিখ 7/7/80

পৃষ্ঠা...

101

# চট্টগ্রাম ভার্সিটি বিএ/বিকম পরীক্ষার ফল

(চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

চট্টগ্রাম, ৬ই জুলাই।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৭৯ সালের বিএ ও বিকম পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে।

বিএ পাস পরীক্ষায় নিয়মিতদের পাসের হার শতকরা ১২ দশমিক তিন ভাগ, অনিয়মিতদের পাসের হার শতকরা ১৫ দশমিক ৩৬ ভাগ।

বিকম পাস পরীক্ষায় নিয়মিত ছাত্রদের পাসের হার শতকরা ৩৫ দশমিক ৮৭ ভাগ, অনিয়মিত ছাত্রদের পাসের হার ৩২ দশমিক ২২ ভাগ।

বিএ পাস পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থীর সংখ্যা ছিল তিন হাজার ৫৮ জন। এর মধ্যে ৪৭৫ জন পাস করেন।

বিকম পরীক্ষায় অংশ নিয়েছিলেন দুই হাজার ৬৮ জন ছাত্র। পাস করেছেন ৯১৩ জন।

বিএ, বিকম পাস পরীক্ষায় কেউ প্রথম বিভাগে উত্তীর্ণ হতে পারেননি।